

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
স্থানীয় সরকার বিভাগ  
পরিবহন পুল ভবন (৯ম তলা)  
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
www.orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭২.২০২২-৪৬

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০  
১৮ জুলাই ২০২৩

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের প্রমিত ও অভিন্ন টেমপ্লেট ব্যবহারকরণ।

জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ তে সংযুক্ত ফরমেটে দেয়া হয় (নমুনা সনদ, সংযুক্ত-১)। এখন সনদের মানোন্নয়ন নিরাপত্তা বিধান এবং অভিন্নকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে আধুনিক বৈশিষ্ট সংযোজন করা হয়েছে। ইহা BDRIS সফটওয়্যারে সন্নিবেশ করা হয়েছে।

নতুন টেমপ্লেট এর বৈশিষ্ট্য:


- ❖ সনদের শীর্ষদেশে বাংলাদেশ সরকারের লোগো এবং মাঝখানে জলছাপে এ অফিসের লোগো;
- ❖ পূর্বের সনদের তথ্য অপরিবর্তিত রেখে QR Code এবং Bar Code সংযোজন;
- ❖ QR Code এ সনদের সত্যতা যাচাই লিংক এবং Bar Code এ জন্ম ও মৃত্যু নিবন্ধন নম্বর;
- ❖ একই সনদে বাংলা, ইংরেজি উভয় ভাষায় ব্যক্তির তথ্য;
- ❖ সনদে শুধুমাত্র নিবন্ধক ও নিবন্ধন সহকারীর স্বাক্ষরের সংস্থান (স্থান সংকুলানে শুধু ইংরেজিতে);

০২। পরিবর্তিত জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের নতুন টেমপ্লেটটি আগামী ২৫/০৭/২০২৩ তারিখ থেকে BDRIS এ থাকবে এবং এ টেমপ্লেট সকল নিবন্ধক অফিস হতে সনদ মুদ্রিত হবে।

০৩। পূর্বে গৃহীত বা ইস্যুকৃত সনদ ও ২৫/০৭/২০২৩ তারিখ থেকে বর্তমান টেমপ্লেটে মুদ্রিত সনদের মূল্যমান একই। পূর্বে প্রাপ্ত বা মুদ্রিত সনদও একইভাবে বহাল থাকবে।

সংযুক্তি:

- ১) জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ অনুসারে সনদ;
- ২) অনুমোদিত নতুন জন্ম ও মৃত্যু নিবন্ধন টেমপ্লেট।



মোঃ রাশেদুল হাসান  
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
ফোন: ০২২২৩৩৮৬৬০৬  
ই-মেইল- rg@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৩. মহাপরিচালক, (কনসুলার এবং ওয়েলফেয়ার) কনসুলার এবং ওয়েলফেয়ার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়;
৪. জেলা প্রশাসক (সকল);
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল);
৬. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল);
৭. সচিবের একান্ত সচিব, (সচিব মহোদয়ের অবগতির জন্য), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৮. জনাব ফাহিমদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন। (পত্রটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পিএ টু উপরেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন (উপরেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।